দৈনিক বাংলা 124

তারিখ 06 MAY 1990
পৃষ্ঠা 7 কলাম 4

# পুলিশ প্রহরায় দায়িত্ব পালনে ইচ্ছুক নই ঃ ভিসি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা বলেছেন, ভাইস চ্যান্সেলর ভবনের প্রধান ফটক বন্ধ রেখে পুলিশ প্রহরায় পিছনের দরজা দিয়ে দায়িত্ব

(শেষ পৃঃ ৬-এর কঃ ৪ঃ)

## পুলিশ প্রহরায় দায়িত্ব

(প্রথম পৃঃ পর)

পালন করতে আমি ইচ্ছুক নই। আমার দরজা সকলের জন্য খোলা। আলাপ-আলোচনার মাধ্যমে আমি সকল সমস্যার সমাধান করতে চাই।

প্রফেসর মনিরুজ্জামান মিঞা শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট মিলনায়তনে ইনস্টিটিউটের প্রথম বর্ষ এমবিএ কোর্সের নবাগত ছাত্র-ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন নৈতিক কর্তৃত্ব হারিয়ে ফেলায় শিক্ষা কার্যক্রম ও শিক্ষার স্বাভাবিক পরিবেশ কিছুটা ব্যাহত হয়েছে। এ প্রসঙ্গে তিনি প্রশাসন ও ছাত্র-ছাত্রীদের মধ্যে যে ব্যবধান সৃষ্টি হয়েছে তা ভেঙ্গে ফেলার আহবানজানান।

ভাইস চ্যান্সেলর আরও বলেন, সন্ত্রাসের কারণে যখন তখন বিশ্ববিদ্যালয়কে 'অফ এন্ড অন' করা আদৌ কাম্য নয়। বিশ্ববিদ্যালয়কে সব সময় খোলা রাখার লক্ষ্যে তিনি সরকার ও সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করেন।

স্বায়ত্তশাসনের কথা উল্লেখ করে প্রফেসর মিঞা বলেন, বিশ্ববিদ্যালয়ের মধ্যে যদি মুক্ত বুদ্ধি চর্চা ও মেধার লালন করতে হয় তাহলে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন থাকতে হবে। কিন্তু এ স্বায়ত্তশাসন প্রাতিষ্ঠানিক স্বায়ত্তশাসন, ব্যক্তির হাতে ক্ষমতা কেন্দ্রীভূত করা নয়।

ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক ডঃ রহীম বি তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডঃ মোঃ শামছুল হক, সৈয়দা সোহেলী আলম এবং মিসেস মেহেরুননেছা চৌধুরী।